গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা

## সুরক্ষা সেবা বিভাগের অধিনস্থ ০৪টি অধিদপ্তরের সমস্যাবলী নিয়ে জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ এর সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সের কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ ও সময় | ঃ | ২৮ জানুয়ারি , ২০১৮, বেলা ১১.০০ টা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |

সভাপতি জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ভিডিও কনফারেন্স শুরু করেন। ভিডিও কনফারেন্সে মুন্সিগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), সহকারী কমিশনার (সকল), নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের জেলা প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং কারা অধিদপ্তর এর আঞ্চলিক অফিস সম্পর্কিত সার্বিক পরিস্থিতি ও সমস্যাবলী নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ভিডিও কনফারেন্সে স্থানীয় প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব দপ্তরের মতামত প্রদান করেন। কনফারেন্সে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব সৈয়দ বেলাল হোসেন নিম্নবর্ণিত সমস্যাবলী নিয়ে আলোচনা করেন :

- মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে মোবাইল কোর্টের পরিচালনা ;
- ফায়ার সার্ভিসের জমি অধিগ্রহণ সংক্রান্ত আইনগত সমস্যা;
- পাসপোর্ট অফিসে দালালদের দৌরাত্ব কমানোর জন্য মোবাইল কোর্ট পরিচালনা;
- ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহযোগিতায় অনলাইন ভিত্তিক পাসপোর্টের ভেরিফিকেশন কাজ সম্পাদন;
- জেলা প্রশাসকের সাথে অধিদপ্তরের কর্মকর্তাগণের সম্পর্ক সমন্বয় সাধন;
- জেলা আইন-শৃঙ্খলা সভায় পুলিশসহ অধিদপ্তরসমূহের কর্মকর্তাগণ উপস্থিত থাকা।

এ বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ জানান,

- মুন্সিগঞ্জের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের জনবলের অভাবে অভিযান পরিচালনায় সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। জেলা প্রশাসক মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে মাদকের বিরুদ্ধে চিরুনী অভিযান পরিচালনা করছেন। আটককৃত মাদক গ্রহণকারী ও ব্যবসায়ীদের কাছে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মাদক উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
- মাদকদ্রব্যের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে ক্যাম্পেইন করা হচ্ছে। মাদকবিরোধী বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলার আয়োজন করা হচ্ছে। যা যুব-সমাজকে মাদকমুক্ত থাকতে উদ্বুদ্ধ করছে। নিয়মিত মোবাইল কোর্ট এর কার্যক্রম চলমান আছে।

d-sk rashed-video con

- মুন্সিগঞ্জের পাসপোর্ট অফিসের পরিবেশ ভাল। দালালমুক্ত রাখার জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এ বিষয়ে আইন-শৃংখলা বাহিনী সহযোগিতা অব্যাহত রয়েছে।
- উপজেলা পর্যায়ে ফায়ার সার্ভিস এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে। টঙ্গীবাড়ি, সিরাজদিখান উপজেলায় ফায়ার সার্ভিসের ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলছে। গজারিয়া থানায় শিল্প কলকারখানা বেশী থাকায় ফায়ার সার্ভিস ষ্টেশন প্রয়োজন। গজারিয়া উপজেলার ফায়ার সার্ভিস ষ্টেশন এর বিদ্যমান সমস্যাসমূহ সমাধানপূর্বক উদ্বোধন করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ফায়ার সার্ভিসের স্থানীয় প্রতিনিধি বলেন যে, মুন্সিগঞ্জ ফায়ার সার্ভিস ষ্টেশন অনেক পুরাতন ও বর্তমানে গাড়ীগুলো সেডের নিচে রাখা হচ্ছে।
- জেলা প্রশাসকের তত্ত্বাবধানে মুন্সিগঞ্জ কারাগার ভাল অবস্থানে রয়েছে।
- কারাগার ভবনের সম্মুখে দর্শনার্থীদের জন্য একটি অপেক্ষামান কক্ষ ও একটি শৌচাগার নির্মাণ করা প্রয়োজন। কারাগারে যাওয়ার রাস্তাটি খারাপ হয়ে যাওয়ায় মেরামতের জন্য মেয়র, মুন্সিগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়েছে।

সভাপতি কনফারেন্সে অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন :

- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে প্রেরিত মাদক ব্যবসায়ী, মাদক গডফাদারদের নামের তালিকা তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা;
- জেলায় মাদকবিরোধী যে সব কমিটি রয়েছে তা জেলা প্রশাসকের মাধ্যমে মনিটরিং করা;
- জনসাধারণের দূর্ভোগ কমানোর জন্য পাসপোর্ট প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন প্রেরণ ও ফি জমা দেয়ার বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা;
- দালালদের দৌরাত্ম বন্ধ করার জন্য মোবাইল কোর্টের মাধ্যমে আইনী ব্যবস্থা গ্রহণ করা;
- কারাগারের কোন বন্দি অসুস্থতার ভান করে হাসপাতালে ভর্তি কিনা সেদিকে নজরদারি বাড়ানোর জন্য জেলা প্রশাসক সিভিল সার্জেনের সাথে আলোচনা করে একটি কমিটি গঠনপূর্বক তদারকি করা;
- কারাগারের ভবনটি পুরাতন হয়ে যাওয়ায় ভিজিটরদের জন্য বাহিরে স্বাস্থ্যসম্মত ওয়াশরুমের ব্যবস্থা করা;
- শিল্প কলকারখানা এলাকায় সার্ভে করে চাহিদামতে ফায়ার সার্ভিসের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা;

পরিশেষে, উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি ভিডিও কনফারেন্স এর কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

d-sk rashed-video con